ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৫৩৮

আগরতলা, ২৬ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"আয়ুষ্মান কার্ড থাকলেও সুবিধা পেতে হয়রান রোগীরা," এই শিরোনামে গত ২৪ আগস্ট ২০২৫,"দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে।এ বিষয়ে ধলাই জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্টের থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, ধলাই জেলা হাসপাতালে ছানি বা অন্যান্য চোখের অস্ত্রোপচারের জন্য প্রয়োজনীয় ওষুধ, লেন্স, আই-প্যাড এবং অন্যান্য সামগ্রী সম্পূর্ণ বিনামূল্যে দেওয়া হয়। তাছাড়া, অস্ত্রোপচারের পর রোগীদের বিনামূল্যে ডার্ক গগলস বা সেফটি গগলস প্রদান করা হয়। এছাড়াও, আয়ুষ্মান কার্ডধারী রোগীরা ৭০০ টাকা পর্যন্ত মূল্যের চশমা এবং আয়ুষ্মান কার্ড নেই এমন রোগীরা ৩৫০ টাকা পর্যন্ত মূল্যের চশমা বিনামূল্যে পেয়ে থাকে। ধলাই জেলা হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের পুরো চিকিৎসাকালীন সময়ের জন্য প্রয়োজনীয় সমস্ত ওষুধ বিনামূল্যে প্রদান করা হয়। এর পাশাপাশি, ডায়েট, ল্যাবরেটরি, এক্স-রে, ইউএসজি এবং সিটি-স্ক্যান পরিষেবাও সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হয়। জেলা হাসপাতালের ল্যাবরেটরি, এক্স-রে, ইউএসজি এবং সিটি-স্ক্যান পরিষেবা ২৪x৭ ঘণ্টা চালু থাকে এবং ভর্তি থাকা সকল রোগীর জন্য  খাবার সরবরাহ করা হয়।আয়ুষ্মান কার্ডধারীরা প্রতিদিন ২০০০ টাকা পান, এই তথ্যটি  সম্পূর্ণ অসত্য।

******